

তারিখ : ২৭ আগস্ট ২০১৯ খ্রিঃ

বরাবর,
মান্যবর জেলা প্রশাসক
সুনামগঞ্জ।

বিষয়ঃ প্রিয়াংশুর উন্নত চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের মানবিক আবেদন।

110 0138 190908025

জনাব,

বিনীত নিবেদন এই যে, সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়ের ৫ম শ্রেণির মেধাবী শিক্ষার্থী প্রিয়াংশু চক্রবর্তী দূরারোগ্য ক্যান্সারে আক্রান্ত। ভারতের দিল্লী এ্যাপোলো হাসপাতালে তার উন্নত চিকিৎসার প্রয়োজনীয় সকল ব্যবস্থা সম্পন্ন করা হয়েছে। ভিসা প্রাপ্তি সাপেক্ষে অতি দ্রুত তাকে সেখানে নেয়া হবে। বর্তমানে সে ঢাকায় জাতীয় ক্যান্সার গবেষণা কেন্দ্র ও হাসপাতালে চিকিৎসাধীন আছে। প্রিয়াংশুর বাবা প্রনয় চক্রবর্তী জনস্বাস্থ্য অফিসের একজন চতুর্থ শ্রেণির কর্মচারী এবং তার মা কাজল চক্রবর্তী বিগত ৩ বছর যাবৎ প্যারালাইজড হয়ে বিছানায় শয্যাশায়ী। গরীব ও অসহায় পরিবারের পক্ষে তার উন্নত সুচিকিৎসা করার মতো আর্থিক সামর্থ্য নেই। এমতাবস্থায় প্রিয়াংশুর উন্নত চিকিৎসার জন্য আপনার কাছে মানবিক সাহায্যের আবেদন করছি।

অতএব মহোদয় সমীপে বিনীত প্রার্থনা যে, উপরোক্ত বিষয় সদয় বিবেচনা করে প্রিয়াংশুর সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদানে আপনার বিহিতাদেশ হয়।

বিনম্র প্রার্থনায়

প্রিয়াংশুর পরিবারের পক্ষে

অধীশ তালুকদার বাপ্পু
২৭/৮/১৯

প্রধান সমন্বয়ক “ক্যাম্পেইন ফর প্রিয়াংশু”